


**বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এর শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি**

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাদিতে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এর ০১টি শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

- (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী; তবে অর্থ, আর্থিক ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, ব্যবসা প্রশাসন বিষয়সমূহকে অগ্রাধিকার দেয়া হবে;
- (২) অর্থ বা আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রমে অনূ্যন ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সরকারের কার্যক্রমে সর্বমোট অনূ্যন ২৫ (পঁচিশ) বছরের অভিজ্ঞতা অথবা দেশে/বিদেশে কেন্দ্রীয় ব্যাংক অথবা বাণিজ্যিক বা বিশেষায়িত ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানে নির্বাহী পরিচালক অথবা উপব্যবস্থাপনা পরিচালক পদে ২ বছরের অভিজ্ঞতাসহ ২৫ বছরের কর্ম অভিজ্ঞতা;
- (৩) সামষ্টিক অর্থনীতি/মুদ্রানীতি/ বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা বিষয়ে সম্যক ধারণা, বিশ্লেষণ ক্ষমতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
- (৪) সন্তোষজনক যোগাযোগ, উপস্থাপনা ও আলাপ-আলোচনা, কৌশলে-দক্ষতা (Communication, Presentation and Negotiation Skill) সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে;
- (৫) ৩১ অক্টোবর, ২০১৯ তারিখে আবেদনকারীর বয়স ৬০ বছর বা তার কম হতে হবে;
- (৬) বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে এবং চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে অন্যথায় তা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- (৭) সরকার নির্ধারিত বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদের জন্য তাঁকে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। সন্তোষজনক চাকরির ভিত্তিতে মেয়াদান্তে তাঁর চাকুরির মেয়াদ বৃদ্ধি করা যাবে; তবে তাঁর বয়স ৬২ বছর অতিক্রান্ত হলে তাঁকে এ চাকরিতে নিয়োজিত রাখা যাবে না;
- (৮) কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে সাক্ষাতকারের জন্য পত্র প্রেরণ করা হবে;
- (৯) আগ্রহী প্রার্থীকে জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত/পেশাগত সনদপত্রের ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং যোগাযোগের বিস্তারিত ঠিকানাসহ সাদা কাগজে সভাপতি, ডেপুটি গভর্নর নিয়োগ সংক্রান্ত সার্চ কমিটি বরাবরে লিখিত আবেদনপত্র হার্ডকপি ও সফট কপি নিম্ন ঠিকানায় ৩১ অক্টোবর, ২০১৯ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে;
- (১০) সার্চ কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদন পৌছানোর ঠিকানা : অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ভবন নম্বর ০৭, রুম নম্বর ৩০১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইমেইল : [addlsecy.admin@fid.gov.bd](mailto:addlsecy.admin@fid.gov.bd)

  
এ.বি.এম. রুহুল আজাদ ০৩/১০/২০১৯  
অতিরিক্ত সচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

ও

সদস্য-সচিব

ডেপুটি গভর্নর নিয়োগ সংক্রান্ত সার্চ কমিটি

